গাংনীতে আগুন নেভাতে গিয়ে গৃহকর্তা আহত

গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামে ঘরের আগুন নেভাতে গিয়ে হাসান আলী (৩০) নামের এক গৃহকর্তা আহত হয়েছেন।
আজ রবিবার বিকেল ৪ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

আহত হাসান গজারিয়া হেমায়েতপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে।

গৃহকর্তা হাসান আলী জানান, বিকেলের দিকে রান্না ঘরের চূলা থেকে বসত ঘরে আগুন লাগে। এসময় তিনি আগুন নেভাতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে মারাত্বক ভাবে আহত হন।
স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টার পাশাপাশি বামন্দী ফায়ার স্টেশনকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভাতে সক্ষম হয়।
এদিকে ফায়ার স্টেশনের সদস্যরা আহত হাসানকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৮ মাদকসেবি আটক

মেহেরপুর শহরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮ মাদকসেবিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম আজ সোমবার (৮ মে) সকাল থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের আটক করা হয়।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার ইসমাইল হোসেন ওরফে আহার আলীর ছেলে জনি হোসেন (২৬), একই এলাকার আব্দুল মতিনের ছেলে শাকিল হোসেন (১৯), বেড়পাড়া এলাকার আব্দুল হামিদ বিশ্বাসের

ছেলে রনি বিশ্বাস (৩৬), সদর উপজেলার গোভীপুর গ্রামের ইন্নাল বিশ্বাসের ছেলে আব্দুস সালাম ওরফে লাল মিয়া (৫০), ফতেপুর গ্রামের পাচু মিয়ার ছেলে শহিদুল ইসলাম (৪৮), মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার কুতুব উদ্দীনের ছেলে রেজাউল ইসলাম (২৪), নতুনপাড়া এলাকার মোমিন সর্দারের ছেলে আবু বক্কর ওরফে ইলু (২৯)ও একই পাড়ার জয়নাল হোসেনের ছেলে লিটন (৩৬)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, শহরের বিভিন্ন স্থানে পুলিশ অভিযান চালিয়ে এসব মাদকসেবিদের আটক করা হয়েছে।
আটক মাদক সেবিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ সোমবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বিশ্ব রেডক্রিসেন্ট দিবস পালিত

বর্ণাঢ্য র্যালী আলোচনা সভাসহ নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুর বিশ্ব রেডক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার (৮ মে) সকালে জেলা পরিষদ চত্বরে জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালাম। পতাকা উত্তোলন শেষে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক এডভোকেট একরামুল হক হীরা, জেলা রেড ক্রিসেন্ট এর কার্যনির্বাহী সদস্য মেহেরপুর জেলা পরিষদের সদস্য শামীম আরা হীরা, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা আলহাজ্ব আসকার আলী, সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ

সম্পাদক আব্দুর রব বিশ্বাস, যুব রেড ক্রিসেন্ট এর প্রধান খন্দকার শামসুজ্জোহা সোহাগ প্রমুখ।

সঞ্চালনায় ছিলেন, মেহেরপুর জেলা রেড ক্রিসেন্টের লেভেল অফিসার মোক্তার হোসেন।

মেহেরপুর শহরে ফার্নিচার গ্যালারিতে আগুন, ৪ লক্ষাধিক টাকার ক্ষতি

মেহেরপুর শহরের মসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারি নামের একটি ফার্নিচার বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকান্ডের ঘটনায় প্রায় ৪ লক্ষাধিক টাকার মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।
রবিবার দিবাগত রাত আনুমানিক সাড়ে ১২ টার দিকে মেহেরপুর শহরের শহীদ গফুর সড়কের মেসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারিতে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

মেসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারি মালিক শরিফুল ইসলাম জানান, বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকান্ডের ঘটনা থেকে এই ক্ষয়ক্ষতি হয়েছে। আকস্মিকভাবে এই অগ্নিকাণ্ডের ঘটনায় তার প্রায় ৪ লাখ টাকার মালামাল পুড়ে গেছে বলে জানান তিনি।
খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনা স্থলে পৌঁছে আগুন আওতায় আনে। তার আগেই মালামাল পুড়ে ছাই হয়ে যায়।

আজ বিশ্ব গাধা দিবস

“গাধা” আমাদের সমাজে একটি প্রচলিত শব্দ। জীবনে একবার হলেও এই শব্দটি শোনেনি এমন মানুষ হয়তো পাওয়া যাবেনা। কারণ, ভুল হওয়াটা মানুষের জীবনে একটি সহজ ব্যাপার। মানুষের ভুল হবেই তাই, কেউ ভুল করলে বা কোনো বোকামি করলে ‘গাধার সঙ্গে তুলনা’ করা হয় হারহামেশাই। আবার গাধা নিয়ে অনেক রুপক কথাও শোনা যায়। যেমন “গাধা সবই করতে পারে, শুধু ভাতের লাকড়ি বইতে পারেনা”। এখন প্রশ্ন আসতেই পারে, গাধা কি আসলেই বোকা? এই প্রশ্নের সঠিক উত্তর জানা নেই। যাইহোক গাধা বোকা হোক বা চালাক হোক, আজ কেউ গাধা বললে রাগ করবেন না। কারণ আজ ৮ মে গাধা দিবস।

গাধা শুধু ভারই বহন করে না, এই প্রাণীটি ওষুধ শিল্পের গুরুত্বপূর্ণ কাঁচামাল উৎপাদকও। গাধার চামড়ার মধ্যে থাকা বিশেষ ধরনের আঠা জিলাটিন চীনে ইজিয়াও নামের প্রচলিত ওষুধের প্রধান কাঁচামাল। এ ওষুধ অ্যাজমা থেকে ইনসোমনিয়ার মতো নানা রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়। তাই প্রাণীটিকে শুধু অবহেলাই করবেন না, অবজ্ঞা করবেন না ভালোও বাসবেন।

গাধার রয়েছে অবিশ্বাস্য স্মৃতিশক্তি। ২৫ বছর আগে দেখা এলাকা, এমনকি বহু বছর আগে দেখা গাধাদের তারা সহজেই চিনতে পারে। পাশাপাশি, গাধা প্রচণ্ড জেদি, আত্মরক্ষা করার প্রবল ক্ষমতা রাখে। গাধাকে ভয় দেখিয়ে বা জোর করে কোনো কাজ করিয়ে নেয়া খুব কঠিন ব্যাপার।

কোনো ঘটনায় গাধা সহজে চমকে ওঠে না। এরা প্রখর কৌতূহলী। গাধার চিন্তাধারা ঘোড়ার থেকে স্বাধীন। একটি গাধা মরু পরিবেশে ৬০ মাইল দূরে থেকে অন্য গাধার সঙ্গে যোগাযোগ রাখতে পারে। ঘোড়ার থেকে তাদের আছে অনেক বড় কান, যা তাদের শরীর শীতল রাখে।

বিশ্ব গাধা দিবসের প্রচলন করেছিলেন আর্ক রাজিক। তিনি একজন বিজ্ঞানী এবং মরুভূমির প্রাণী নিয়ে কাজ করেন। তিনি বুঝতে পেরেছিলেন গাধারা মানুষের জন্য যে পরিমাণ কাজ করে, সেই পরিমাণ স্বীকৃতি পাচ্ছে না। এ জন্য তিনি একটি ফেসবুক গ্রুপ তৈরি করেন। তারপর সেখানে গাধা বিষয়ক বিভিন্ন তথ্য প্রচার করতে শুরু করেন।

আর্ক রাজিকের প্রচেষ্টায় ২০১৮ সালে প্রথম বিশ্ব গাধা দিবস উদযাপন করা হয়। তখন থেকে প্রতি বছর ৮ মে গাধা দিবস উদযাপিত হচ্ছে।

দিবসটি উদযাপনের উদ্দেশ্য হলো গাধাকে নিয়ে তথ্য ছড়িয়ে দেওয়া এবং প্রাণীটি কীভাবে মানুষের জীবনে প্রভাব ফেলছে তা তুলে ধরা।

মেহেরপুরে কৃষকের ধান কেটে দিলো স্বেচ্ছাসেবক লীগ

মেহেরপুরের হরিরামপুর গেট সংলগ্ন জমিতে কৃষক জয়নাল আবেদীনের ধান কেটে দিচ্ছেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীবৃন্দ।

আজ সোমবার (৮ মে) সকালের দিকে হরিরামপুরে গ্রামে কৃষক জয়নাল আবেদীনের ধান কেটে দেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীবৃন্দ।

কৃষক জয়নাল আবেদীন বলেন আমি দেড় বিঘা ধান লাগিয়েছি আমার ধান কাটতে অসুবিধা হচ্ছিল তাই আমি মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন ভাইকে ফোন দিয়ে আমার সমস্যার কথা বলি আজ তারা আমার ধান কেটে দিচ্ছে তিনি আরো বলেন বর্তমানে লেবারের যে দাম আমার এই ধান কাটতে ১০ থেকে ১৫ হাজার টাকা খরচ হতো।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন বলেন কৃষকদের শোনার ফসল সঠিক ও সুস্থভাবে বাড়িতে পৌঁছাতে পারে তারি ধারাবাহিকতায় মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের নেতৃবৃন্দ জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির নেতৃত্বে আজকের এই প্রোগ্রাম আমরা হাতে নিয়েছি। আগামী দিনেও আমাদের ধানকাটা কর্মসূচি চলমান থাকবে।

তিনি আরও বলেন যদি কোন কৃষক ভাই সমস্যার সম্মুখীন হয়ে মেহেরপুর জেলা শাখার স্বেচ্ছাসেবক লীগের নেতৃবৃন্দদের জানাই আমরা তড়িৎ গতিতে পদক্ষেপ নিয়ে কৃষকের সোনার ফসল ঘরে তুলে দেওয়ার জন্য সার্বক্ষণিক চেষ্টা করব।

এ সময় উপস্থিত ছিলেন সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক

সানোয়ার হোসেন, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক ওয়াসিম আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য রাশেদুল হাসান আনন্দ, আমঝুপি ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মিনারুল ইসলাম, সাধারণ সম্পাদক জিয়া, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক শিক্ষা ও পাঠ্য সম্পাদক মিজানুর রহমান আবু সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে নিয়মিত মামলার ৪, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জন আসামি রয়েছে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে রবিবার সকাল থেকে আজ সোমবার (৮ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জনসহ ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি গ্রেফতার করেছে।
গাংনী থানা ও সদর থানা পুলিশের সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর একটি সম্ভাবনাময় জেলা

– ডিসি মেহেরপুর

মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বলেছেন, স্মার্ট বাংলাদেশ গড়ে উঠলে নাগরিকরা সকল সেবা ঘরে বসেই পাবে। সকল কাজ ঘরে বসেই শেষ করতে পারবেন। তাই স্মাার্ট বাংলাদেশ গড়ে ওঠার পূর্ব শর্তই হলো নাগরিকদেরও স্মার্ট হতে হবে।

মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সাথে উপজেলার সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধী, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক ও সুধীজনের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ রবিবার (৭ মে) সকালে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা: রনি খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় জেলা প্রশাসক আরও বলেন, মেহেরপুর একটি সম্ভাবনাময় জেলা। এখানে সম্ভাবনার সকল দার রয়েছে। এই সম্ভাবনাকে কাজে লাগিয়ে জেলাকে আরও উন্নয়ন ও সমৃদ্ধির দিকে এগিয়ে নিতে হবে।

তিনি বলেন, স্মৃতি বিজড়িত মুজিবনগর খ্যাত মেহেরপুরের মানুষ ও মাটি দুটোই ভাল। তবে সম্ভাবনাময়ী এই জেলায় কিছু সমস্যা রয়েছে। জেলাবাসির অন্যতম সমস্যা মাদক। আমরা এ জেলাকে মাদকমুক্ত করতে চাই। মাদক মুক্ত করতে জেলার মানুষকে সহযোগিতা করতে হবে।

মতবিনিময় সভায় জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম আরও বলেন, সারা দেশে স্মার্ট বাংলাদেশ গড়ার কাজ শুরু হয়েছে। মেহেরপুর জেলার উন্নয়ন কাজে সহযোগী হবার প্রত্যয় ব্যক্ত করে জেলা প্রশাসক বলেন, আমি এই জেলার উন্নয়নে অবদান রাখতে চাই।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমান হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন, বীর মুক্তিযাদ্ধা লুৎফর রহমান, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর উপজেলা

ইমাম পরিষদের সভাপতি তহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি শুকুমার কর্মকার,খ্রিস্টীয় ধর্মের প্রতিনিধি বাবুল বৈরাগী, প্রধান শিক্ষক গোলাম ফারুক প্রমুখ।

এর আগে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম মুজিবনগর উপজেলা পরিষদ চত্বরে এসে পৌঁছালে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

পরীক্ষায় ফেল করিয়ে দেওয়ার ভয় দেখিয়ে পরীক্ষার্থীদের থেকে ৫ হাজার টাকা দাবী

চলতি এসএসসি পরীক্ষায় ফেল করিয়ে দেওয়ার ভয় দেখিয়ে গাংনী প্রিক্যাডেট এন্ড হাইস্কুলের শিক্ষার্থীদের কাছ থেকে জন প্রতি ৫ হাজার টাকা দাবী করা নিয়ে এখন গাংনীতে শুরু হয়েছে চরম ক্ষোভ ও সমালোচনা।

গত বৃহস্পতিবার গাংনী প্রি ক্যাডেট এন্ড হাইস্কুলের ৩৭ জন পরীক্ষার্থীকে পরীক্ষা শেষে স্কুলে ডেকে নিয়ে এই টাকা দাবী করেন প্রধান শিক্ষক জালাল উদ্দীন।

তবে জালাল উদ্দীন নিজে নয়, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু এই টাকা দাবী করেছেন বলে জানান তিনি।

জানা গেছে, গাংনী প্রি ক্যাডেট এন্ড হাইস্কুলের শিক্ষার্থীরা গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মাধ্যমে এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছেন। হঠাৎ শিক্ষার্থীদের গত বৃহস্পতিবার পরীক্ষা শেষে বিদ্যালয়ে আসতে বলেন প্রধান শিক্ষক জালাল উদ্দীন। পরীক্ষার্থীরা স্কুলে হাজির হলে প্রধান শিক্ষক জালাল উদ্দীন ও গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু ভাল রেজাল্ট করিয়ে দেওয়ার নাম করে জন প্রতি ৫ হাজার টাকা দাবী করেন। এই টাকা না দিলে তাদের প্র্যাক্টিক্যাল

পরীক্ষা ফেল করিয়ে দেবে বলে হুমকী দেন। পরে ছাত্র ছাত্রীরা তাদের পরিবারের লোকজনকে বিষয়টি জানালে অভিভাবকরা ফুঁসে ওঠেন। পরে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি’র কাছে যান। বিষয়টি নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী তোলেন তারা।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন অভিভাবক বলেন, আমি প্রচুর টাকা খরচ করে বেসরকারি স্কুলে পড়াচ্ছি। সেই স্কুলের রক্ষক যদি ভক্ষকের ভূমিকা পালন করেন তাহলে আমাদের ছেলে মেয়েদের ভবিষ্যৎটা কি হবে। তারা বলেন ৫ হাজার করে টাকা না দিলে আমার সন্তানকে ফেল করিয়ে দেওয়ার হুমকী দিয়েছেন। আমরা বাধ্য হয়ে ম্যানেজিং কমিটির সভাপতিকে বিষয়টি বলেছি। তারা এও বলেন, আমার সন্তানদের এই টাকা না দেওয়ায় ফেইল করিয়ে দেবে কিনা শংকায় রয়েছে।

এব্যাপারে গাংনী প্রি ক্যাডেট এন্ড হাইস্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মনিরুজজ্জামান মনি সত্যতা স্বীকার করে বলেন, অভিভাবকরা আমার কাছে এসেছিলেন। তাদের সন্তানদের কাছ থেকে ৫ হাজার টাকা দাবী করেছে বলে অভিভাবকরা অভিযোগ দেন। আমি এই ঘটনার সত্যতা পেয়েছি। আমি গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে অবিহিত করে জালাল উদ্দীনের বহি:স্কার করবো।

এদিকে গাংনী প্রি ক্যাডেট এন্ড হাইস্কুলের অভিযুক্ত প্রধান শিক্ষক জালাল উদ্দীন বলেন, আমি ছেলে মেয়েদের শুধুমাত্র ডেকে স্কুলে নিয়ে এসেছিলাম। প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু শিক্ষার্থীদের কাছ থেকে ৫ হাজার টাকা করে দাবী করেন। আমি সেখানে থাকলেও বিষয়টি আমার অগোচরে হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন বিষয়টি এই মাত্র জানতে পারলাম। খোঁজ খবর নেওয়া হবে বলে জানান তিনি।

মেহেরপুরে পুলিশের মাস্টার

প্যারেড অনুষ্ঠিত

মেহেরপুরে পুলিশের মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে। আজ (৭ মে) সকালের দিকে মেহেরপুর জেলা পুলিশ লাইনে সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম-সেবা মাস্টারগ্রাউন্ডে অভিবাদন গ্রহণ করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোঃ জামিরুল ইসলাম ও অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন উপস্থিত ছিলেন।

জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্যারেড পরিদর্শন এবং সকল পর্যায়ের অফিসার ও ফোর্সদের বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।